## ।।হুঁঃ।।

থাক্ করে তুই আড়ি,
(আমার) বয়েই গেছে ভারি।
একলা খাব হালুয়া লুচি
চপ, কাটলেট - যেমন রুচি
তুই চাট্‌বি দইয়ের ভাঙা হাঁড়ি।

২৭ শে ডিসেম্বর, ১৯৯৯

## ।।কখনো।।

কখনো বৃষ্টি, কখনো মেঘলা, কখনো বা রোদ্দুর!
কখনো আশায়, কভু নিরাশায়, বুক কাঁপে দুরদুর।
কখনো পৃথিবী গানে যায় ভরে, কখনো সবই বেসুর,
কখনো স্বপনে উড়ে হই পার - সপ্ত সমুদ্দুর!

কলকাতা, ২৫শে সেপ্টেম্বর, ২০০০।